গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-০৭

# এবার রাজশাহী বোর্ডের অধীন কোনো বিদ্যালয়ে শতভাগ ফেল নেই

রাজশাহী, ২৬ আষাঢ় (১০ জুলাই):

এবছর শূন্য পাশের হার নেই রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন কোনো বিদ্যালয়ে। আজ (১০ জুলাই) প্রকাশিত এসএসসি'র ফলাফলে এ তথ্য জানিয়েছে সংশ্লিষ্ট বোর্ডটি।

বোর্ডের তথ্য অনুসারে, ২০২৫ সালে এ বোর্ডের আওতায় ২ হাজার ৬৯০টি বিদ্যালয়ের ১ লক্ষ ৮০ হাজার ৩১০ জন শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। পরীক্ষায় ছাত্র উপস্থিত ছিল ৯৪ হাজার ২৬৯ জন এবং ছাত্রী উপস্থিত ছিল ৮৬ হাজার ৫১ জন। ২ হাজার ৪৮২ জন শিক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত ছিল। এই বোর্ডের অধীন ২২ হাজার ৩২৭ জন শিক্ষার্থী এবার জিপিএ ৫ পেয়েছে।

এবার বোর্ডের গড় পাশের হার ৭৭ দশমিক ৬৩ শতাংশ। ছাত্রদের পাশের হার ৭৩ দশমিক ৬৪ শতাংশ এবং ছাত্রীদের ক্ষেত্রে এ হার ৮২ দশমিক ১ শতাংশ। রাজশাহী বোর্ডের অধীন ৮ জেলার মধ্যে সবচেয়ে বেশি পাশ করেছে বগুড়া জেলায়। সেখানে পাশের হার ৮০ দশমিক ১৩ শতাংশ। ৬৭ দশমিক ৫৬ শতাংশ পাশ নিয়ে সবচেয়ে পিছিয়ে আছে সিরাজগঞ্জ জেলা।

---------------------------------------
আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৭.৪০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd